

💵 সুদের ক্ষতি-অপকার-কুপ্রভাব

বিভাগ/অধ্যায়ঃ সমকালীন রিবা সংক্রান্ত কতিপয় মাসআলার ব্যাপারে ফতোয়া রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইব্ন আলী ইব্ন ওয়াহফ আল-কাহত্বানী

দ্বাদশ মাসআলা : সুদী প্রতিষ্ঠানে চাকুরি

প্রশ্ন: সুদী প্রতিষ্ঠানে কি নিরাপত্তারক্ষী বা ড্রাইভার হিসেবে চাকুরি করা যাবে ?

উত্তর: কোনো সুদী প্রতিষ্ঠানে চাকুরি করা বৈধ নয় চাই তা দারোয়ান-ড্রাইভার যে হিসেবেই হোক না কেন। কারণ সুদী প্রতিষ্ঠানের যে কোনো দায়িত্বে অধিষ্ঠিত হওয়া মানেই তাদের হারাম কাজে সম্মতি জানানো। কেননা যে কোনো কিছু ঘৃণা করে তার স্বার্থে সে কাজ করতে পারে না। সুতরাং সে যখন সুদী প্রতিষ্ঠানের স্বার্থ রক্ষায় কাজ করছে তার অর্থ এতে তার সমর্থন আছে। আর হারাম কাজে সমর্থন দেয়াও গুনাহ। আর যে সরাসরি হিসাব রক্ষণ, রেজিস্ট্রি, আমানত গ্রহণ বা এ ধরণের প্রত্যক্ষ সহযোগিতায় অবতীর্ণ তার চাকুরি তো সন্দেহাতীতভাবে হারাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে প্রমাণিত যে, তিনি সুদদাতা, গ্রহীতা, সুদের লেখক এবং সাক্ষীদ্বয়কে অভিশাপ দিয়েছেন। আখ্যায়িত করেছেন এদের সকলকে সমান অপরাধী বলে।[1]

ফুটনোট

[1]. প্রাগুক্ত : ২/৪০১

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8213

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন